150

আজকের কাগজ

তারিখ 24 JUN 1995
পৃষ্ঠা ৮ কলাম ২

# '৯৫-'৯৬ অর্থবছরে ঢা. বি'র বাজেট ৫৮ কোটি টাকা

শাহ নিসতার জাহান ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে এবার ১৯৯৫-৯৬ অর্থ বছরের জন্যে প্রায় ৫৮ কোটি টাকার বাজেট ঘোষণা করা হচ্ছে। এর মধ্যে ১২ কোট ৮২ লাখ টাকার ঘাটতি ধরা হয়েছে। আগামী ২৮ জুন ঢাকা বিশ্ববিদ্যালয়ের এ বাজেট সিনেট সভায় উপস্থাপন করা হবে।

বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরী কমিশন সরকারি সাহায্যের ওপর নির্ভর করেই প্রধানত এ বাজেট তৈরি করেছে। কমিশন সরকারের কাছ থেকে ৪৭ কোটি ৫০ লাখ টাকার অর্থ সাহায্য পাবে বলে আশা করছে। ঢাকা বিশ্ববিদ্যালয় তার নিজস্ব সম্পদ থেকে বাজেটের ২ কোটি ৮৫ লাখ টাকা পূরণ করবে বলে জানা গেছে।

১৯৯৫-৯৬ অর্থ বছরের বাজেটের সর্বোচ্চ খাতটি হলো শিক্ষক বেতন খাত। এ খাতে মঞ্জুরী কমিশন ১৪ কোটি ৮৯ লাখ টাকা বরাদ্দ রেখেছে। এ বরাদ্দ উপস্থাপিতব্য বাজেটের শতকরা ২৬ ভাগ। এরপরই অবস্থান করছে কর্মকর্তা কর্মচারিদের বেতন খাত। এদের বেতন হিসেবে ১১ কোটি ১০ লাখ টাকা ব্যয় ধরা হয়েছে। এছাড়া ওয়াসা খাতে ব্যয় ধরা হয়েছে ২ কোটি টাকা, বিদ্যুৎ ব্যয় ১ কোটি ৮১ লাখ টাকা এবং টেলিফোন খাতের ব্যয় ১ কোটি ১২ লাখ ধরা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের আয়ের খাতগুলো হলো ছাত্র বেতন, পরীক্ষার ফি, বাড়ি ভাড়া, প্রকাশনা ইত্যাদি। এর মধ্যে ছাত্র বেতন থেকে ৩১ লাখ, পরীক্ষার ফি বাবদ ৪৫ লাখ, হল থেকে ৭ লাখ, বাড়ি ভাড়া ৪২ লাখ, প্রকাশনা ২৮ লাখ, বাস থেকে ১৩ লাখ এবং অন্যান্য খাত থেকে ২৪ লাখ টাকা আসবে বলে ধরা হয়েছে। বাজেটে শিক্ষক কর্মচারিদের আয়কর ও গোল্ডেন হ্যান্ডসেক হিসেবে দু'টি খাত সৃষ্টির কথা শোনা গিয়েছিলো। যদি উপস্থাপিত হয় তবে তা হবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে প্রথম।